



লিঙ্গ ও লিঙ্গ পরিবর্তন

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'পূজনীয়' শব্দটির লিঙ্গ পরিবর্তন হল —
(ক) পূজ্য (খ) পূজ্যা
(গ) পূজনীয়া (ঘ) পূজনীয়েষু
- ২। 'ডাক্তার' শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) ডাক্তার গিন্নী (খ) লেডি ডাক্তার
(গ) ডাক্তারনী (ঘ) কোনটি নয়
- ৩। 'ঠাকুর জামাই' শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) ঠাকুরঝি (খ) ঠাকুরমশাই
(গ) জামাই ঠাকুরানী (ঘ) কোনটি নয়
- ৪। 'চাষী' শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) চাষিণী (খ) চাষীবউ
(গ) চাষা (ঘ) কোনটি নয়
- ৫। 'গোলাম' শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) গোলামী (খ) গোলামীগিরি
(গ) গোলামবিবি (ঘ) বাঁদী
- ৬। প্রকৃতিতে যা জাতি বিভাগ, ব্যাকরণে তারই নাম _____। শূন্যস্থানে বসবে —
(ক) লিঙ্গ বিচার (খ) লিঙ্গাকরণ
(গ) লিঙ্গনির্ভর (ঘ) কোনটি নয়
- ৭। _____ মাতা, শূন্যস্থানে বসবে —
(ক) সুন্দর (খ) রাগী
(গ) স্নেহময়ী (ঘ) কোনটি নয়
- ৮। 'দেবর' শব্দের লিঙ্গান্তর হল —
(ক) দেবরী (খ) জা
(গ) ননদ (ঘ) কোনটি নয়
- ৯। বাংলায় কতগুলো শব্দ আছে যাদের কোন পুংলিঙ্গ হয় না, তাদের বলে —
(ক) স্ত্রী লিঙ্গ (খ) নিত্য স্ত্রী লিঙ্গ
(গ) উভয় লিঙ্গ (ঘ) কোনটি নয়
- ১০। রামায়ণের সীতা ছিলেন জনমদুঃখী — 'জনমদুঃখী' লিঙ্গান্তর কি হবে?
(ক) জনমদুঃখিনী (খ) জনমদুখী
(গ) জন্মদুখী (ঘ) কোনটি নয়

- ১১। ‘অনাথ’ শব্দের স্ত্রী লিঙ্গ হবে —
(ক) অনাথা (খ) অনাথী
(গ) অনাথিনী (ঘ) কোনটি নয়
- ১২। ‘যাত্রী’ শব্দের লিঙ্গান্তর হবে —
(ক) যাত্রা (খ) মহিলা যাত্রী
(গ) যাত্রীনি (ঘ) কোনটি নয়
- ১৩। ‘শিব’ শব্দের স্ত্রী লিঙ্গ হবে —
(ক) দুর্গা (খ) কালী
(গ) শৈব (ঘ) শিবানী
- ১৪। ‘নেতা’ শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) নেতানী (খ) নেত্রী
(গ) জননেত্রী (ঘ) কোনটি নয়
- ১৫। ‘দৌহিত্র’ শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) দৌহিত্রী (খ) দৌহিত্রি
(গ) দৌহিত্রা (ঘ) কোনটি নয়

Amit Kundu
